

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২৭০  
তেলিয়ামুড়া, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

রাজ্যভিত্তিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা  
তেলিয়ামুড়ায় অনুর্ধ্ব ১৪ বছর বিভাগে ফুটবল প্রতিযোগিতা

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল তেলিয়ামুড়ার ভগৎ সিং মিনি স্টেডিয়ামে বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় অনুষ্ঠিত হয় অনুর্ধ্ব ১৪ বছর বালক বিভাগে তিনদিন ব্যাপী রাজ্যভিত্তিক ফুটবল প্রতিযোগিতা। প্রতিযোগিতার উদ্বোধন করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমা শাসক পরিমল মজুমদার, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা কমলেন্দু শীল প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। স্বাগত বক্তব্য রাখেন ক্রীড়া মহকুমা আধিকারিক ধরনী দাস। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ ছাত্রজীবনে এবং শরীরচর্চায় খেলাধূলার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, ভগৎ সিং মিনি স্টেডিয়াম এবং বিবেকানন্দ স্কুল মাঠে এই ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী ২০ সেপ্টেম্বর ভগৎ সিং মিনি স্টেডিয়ামে। প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলা থেকে দল অংশগ্রহণ করেছে।

\*\*\*\*\*